


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা।

- ২০১৯-২০২০ অর্থবছরে জন্য নির্বাচিত উদ্ভাবনী ধারণা :

১. উদ্ভাবনী ধারণার নাম : মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনীতে 'এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি' অনুষ্ঠান আয়োজন।
২. চিহ্নিত সেবার বিদ্যমান সমস্যা : জেলা তথ্য অফিসসমূহ প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে এবং মুক্তিযুদ্ধের চেতনা বিকাশে এবং শিশুদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষা দেয়ার উদ্দেশ্যে প্রচার কার্যক্রমের আওতায় মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র/চলচ্চিত্র প্রদর্শন করে থাকে। এতে শুধুমাত্র ভিডিও প্রদর্শন করা হয়। কোন মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা হয় না। ফলে নতুন প্রজন্মের ছাত্র-ছাত্রী ও শিশুরা মহান মুক্তিযুদ্ধ ও স্থানীয় বীর মুক্তিযোদ্ধাদের ইতিহাস সম্পর্কে বেশি কিছু জানে না। ফলে শুধুমাত্র মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও চেতনা বিকাশে ফলপ্রসূ হচ্ছে না।

**কি সমাধান :** মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে এবং মুক্তিযুদ্ধের চেতনা বিকাশে এবং শিশুদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষা দেয়ার উদ্দেশ্যে প্রচার কার্যক্রমের আওতায় মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র/চলচ্চিত্র প্রদর্শনীর পাশাপাশি স্থানীয় জীবিত বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে নতুন প্রজন্মের ছাত্র-ছাত্রী ও শিশুদের মধ্যে 'এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি' অনুষ্ঠান আয়োজন করলে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরা এবং মুক্তিযুদ্ধের চেতনা বিকাশ এবং শিশুদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষা দেয়ার উদ্দেশ্যে পরিপূর্ণতা পাবে। এর ফলে জেলা তথ্য অফিসের প্রচার কার্যক্রমের ভাবমূর্তি স্থানীয় প্রশাসন ও জনগণের নিকট আরো গ্রহণযোগ্য হবে। এতে মাঠ পর্যায়ে দাপ্তরিক সেবার মান বৃদ্ধি পাবে, নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে পারবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় বিকশিত হবে, জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ বাড়বে এবং টেকসই সেবা প্রদান নিশ্চিত হবে।



Hasina Akter  
Deputy Director (Publicity)  
Department of Mass Communication  
Ministry of Information  
Govt. of the People's Republic of Bangladesh.